

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড

শিরোমনি শিল্প এলাকা, খুলনা-৯২০৬।

www.bcsl.gov.bd

সূত্র: ১৪.৩৭.০০০০.২০১.১১.০০৩.২২.২৭৮

তারিখ: ১৮-০১-২০২৩ খ্রি।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড (বাকেশি) টেলিকমুনিকেশন ক্যাবলস (কপার ও অপটিক্যাল ফাইবার), এইচডিপিই ডাক্ট এন্ড বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টরস ও ক্যাবলস প্রস্তুতকারী একটি বৃহৎ সরকারি মালিকানাধীন পাবলিক লিমিটেড কোম্পানী। উৎপাদনমুখী এ শিল্প প্রতিষ্ঠানের বিধিমালা অনুযায়ী কাজ করার মানসিকতা সম্পন্ন দক্ষ ও মেধাবী প্রার্থীদের নিকট থেকে নিম্নবর্ণিত পদসমূহে স্থায়ী নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বাকেশি বেতন গ্রেড	প্রয়োজনীয় যোগ্যতা
১।	সহকারী ব্যবস্থাপক (লিয়াজৌ)	১টি	বেতন গ্রেড-৫ টাকা ২৮১৬০-৬৭৯১০/-	(১) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ৪ বছরের অনার্সসহ স্নাতকোত্তর পাশ / বিএসসি ইঞ্জিনিয়ারিং পাশ। (২) সকল পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) অথবা জিপিএ ২.৫ (জিপিএ ৪ এর ক্ষেত্রে) থাকতে হবে এবং কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। (৩) কম্পিউটার ব্যবহারে পারদর্শী হতে হবে।
২।	ক্রয় সহকারী/ভান্ডার সহকারী/মার্কেটিং সহকারী।	৩টি	বেতন গ্রেড-১৩ টাকা ১১৭০০-২৮২৯০/-	(১) যে কোন বিষয়ে স্নাতক পাশ। (২) শিক্ষা জীবনে ২টি পরীক্ষায় কমপক্ষে ২য় বিভাগ/শ্রেণি বা জিপিএ ৩.০ (জিপিএ ৫ এর ক্ষেত্রে) অথবা জিপিএ ২.৫ (জিপিএ ৪ এর ক্ষেত্রে) থাকতে হবে এবং কোন তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়। (৩) সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটারে প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
৩।	গাড়ীচালক	১টি	বেতন গ্রেড-১৪ টাকা ১১৪৪০-২৭৬৯০/=	(১) এসএসসি পাশ। (২) প্রার্থীকে ভারী ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। (৩) লিফটর চালনায় অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলি:

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- আবেদনকারীকে নির্ধারিত ফরম পূরণ করে আবেদন করতে হবে। অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইট (www.bcsl.gov.bd) হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পাওয়া যাবে (ফটোকপি গ্রহণযোগ্য)। এছাড়া নিয়োগ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে দেয়া হবে।
- প্রথম শ্রেণির গ্রেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ, অভিজ্ঞতা সনদপত্র, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি রঙিন ছবি ও স্ট্যাম্প সাইজের ২ কপি রঙিন ছবি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে আগামী ১৬-০২-২০২৩ খ্রি. তারিখের মধ্যে রেজিস্টার্ড ডাকযোগে/জিইপি/কুরিয়ার সার্ভিস যোগে অফিস চলাকালীন সময়ে ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, শিরোমনি শিল্প এলাকা, ডাকঘর-সোনালী জুট মিলস, খুলনা-৯২০৬ ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদনপত্রের খামের উপর পদের নাম, নিজ জেলা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। হাতে হাতে বা নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- ১৬-০২-২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।
- ক্রমিক নং-১ পদের জন্য ৬০০.০০ টাকা এবং ক্রমিক নং-২ ও ৩ পদের জন্য ২০০.০০ টাকার বাংলাদেশের যে কোন সিডিউল ব্যাংক থেকে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরৎযোগ্য) এর মূল কপি বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা এর অনুকূলে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ক্রমিক নং-১ পদের প্রার্থীর কর্মস্থল হবে প্রতিষ্ঠানের ঢাকাস্থ সিটি অফিস। তবে প্রতিষ্ঠানের প্রয়োজনে প্রধান কার্যালয়, খুলনাতেও বদলিযোগ্য।
- সরকারী নিয়োগ বিধি অনুযায়ী যাবতীয় কোটা (প্রমাণ সাপেক্ষে) অনুসরণ করা হবে।
- আবেদনসমূহ প্রাথমিক বাছাই এর পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূলকপি অবশ্যই দেখাতে হবে।
- লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তিসহ যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েবসাইটে দেয়া হবে এবং লিখিত পরীক্ষার প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হবে। তবে কেউ যদি নির্ধারিত সময়ের মধ্যে প্রবেশ পত্র না পান সেক্ষেত্রে লিখিত পরীক্ষার পূর্বেই তিনি অফিস সময়ের মধ্যে অত্র প্রতিষ্ঠানে যোগাযোগ করে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।
- চাকরিরত প্রার্থীদেরকে উপর্যুক্ত শর্তানুযায়ী যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- নির্ধারিত ফরম ব্যতীত অথবা ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগদানের পরে অসত্য/ভুল/ত্রুটিপূর্ণ প্রমাণিত হলে তার দরখাস্ত বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।
- একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।
- আবেদনপত্রে ওভার রাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।
- যে কোন ধরনের তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৪/০১/২৩

(মো: মসলেম উদ্দীন)

মহাব্যবস্থাপক (প্রশাসন) অ:দা:।